



ঢাকা-সিলেট যোগাযোগে সড়ক-রেল বড় উন্নয়ন উদ্যোগ: প্রধানমন্ত্রী



সিলেটে প্রধানমন্ত্রী তারেক। ছবি: সংগৃহীত

ঢাকা-সিলেট রুটে সড়ক ও রেল যোগাযোগ উন্নয়নে কাজ শুরু হচ্ছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

শনিবার সিলেট সিটি কর্পোরেশনের নগর ভবন প্রাঙ্গণে এক সুধী সমাবেশে তিনি বলেন, এই রুটের সড়কের বেহাল অবস্থার কারণে যাতায়াতে দীর্ঘ সময় লাগছে এবং যাত্রীদের ভোগান্তি বাড়ছে। নির্বাচনের সময় দেওয়া প্রতিশ্রুতি অনুযায়ী সরকার এখন উন্নয়ন কাজ হাতে নিচ্ছে।

তিনি জানান, প্রকল্প বাস্তবায়নে জমি অধিগ্রহণসহ কিছু জটিলতা থাকলেও সংশ্লিষ্ট মন্ত্রণালয় সেগুলো সমাধানে কাজ করছে। দ্রুত সময়ের মধ্যে কাজ শুরু করে দুই থেকে তিন বছরের মধ্যে শেষ করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।

প্রধানমন্ত্রী সড়কের পাশাপাশি রেল যোগাযোগকে বেশি গুরুত্ব দেওয়ার কথা বলেন। তার মতে, শুধু সড়ক সম্প্রসারণ করলে যানজট ও জমির ক্ষতি বাড়ে, তাই টেকসই সমাধান হিসেবে রেলব্যবস্থা উন্নয়ন জরুরি।

এ লক্ষ্যে সিলেট-ঢাকা রেলপথে ডাবল লাইন স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। এতে কম খরচে যাত্রী পরিবহন সহজ হবে এবং ব্যবসায়ীরা পণ্য পরিবহনে সুবিধা পাবেন।

অনুষ্ঠানে তিনি আরও জানান, সুরমা নদীর দুই তীরে সৌন্দর্যবর্ধন ও বন্যা প্রতিরোধ প্রকল্প উদ্বোধন করা হয়েছে। পাশাপাশি স্বাস্থ্যসেবা, কর্মসংস্থান ও অবকাঠামো উন্নয়নের মাধ্যমে সিলেট অঞ্চলের সামগ্রিক উন্নয়নে সরকার কাজ করে যাচ্ছে।